

তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি.

২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ পূরণকারীদের অনলাইনে (www.nubd.info/honours) আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমাদান পূর্বক আবেদন ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। ফরম পূরণ ও জমা দেয়ার তারিখ:

(ক) প্রিন্টকপি নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ : ০৩/০৯/২০১৯ খ্রি. (সকাল ১০:০০ - ১:০০ টা)

(খ) প্রিন্টআউট কপিতে পরীক্ষার্থীর নিজ স্বাক্ষর করার তারিখ : ০৮/০৯/২০১৯ খ্রি. (সকাল ১০:০০ - ১২:০০ টা)

২। প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

(খ) ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৩। অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত: ২০১৭-১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত: ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। Not Promoted শিক্ষার্থীদেরকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে।

(গ) গ্রেডউন্নয়ন: ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্সে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। যেসকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে, তারা "F" গ্রেড প্রাপ্ত কোর্সে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted হয়েছে, তারা অনুপস্থিত ১টি কোর্সে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করবে।

৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			মোট
		পরীক্ষার ফি (পূর্ণপত্র/অর্ধপত্র)	ব্যবহারিক	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
ইংরেজি	নিয়মিত	৬×২০০=১২০০	--	১০০	--	৪৫০	--	৫০	১,৮০০
	অনিয়মিত	৬×২০০=১২০০	--	১০০	৩০০	৪৫০	--	৫০	২,১০০
বাংলা/ইতিহাস/ইসঃ ইতিহাস/ দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	৭×২০০=১৪০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,০০০
	অনিয়মিত	৭×২০০=১৪০০	--	১০০	৩০০	৪৫০	--	৫০	২,৩০০
প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/ গণিত	নিয়মিত	৬×২০০=১২০০	২×২০০=৪০০	১০০	--	৪৫০	১২০	৫০	২,৪৬০
	অনিয়মিত	৬×২০০=১২০০	২×২০০=৪০০	১০০	৩০০	৪৫০	১২০	৫০	২,৭৬০
বিএ/বিএসএস/বিবিএ- ১ পত্র বিশিষ্ট		১×২০০=২০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০০০
বিএসসি- ১ পত্র বিশিষ্ট		১×২০০=২০০	১×২০০=২০০	--	৩০০	৪৫০	১২০	৫০	১,৩২০

(প্রক্টর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। বিভাগীয় প্রধান (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।

৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। সংরক্ষণ নথি।